

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ হজ্জ অফিস  
জেদ্দা, সৌদি আরব।

স্মারক নং : ১৬.০৪.০০০০.০০০.২৭.০০২.২০১৭-১০৫৭

তারিখ : ২৮/০৩/২০১৯

বিষয় : অভিযুক্ত ৮ টি এজেন্সীর বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ১৬.০০.০০০০.০০৩.৩০.০০২.১৬-৪৯১; তারিখ : ২৮/০৩/২০১৯।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সৌদি ই-হজ্জ সিস্টেমে দেখা যায়, বর্ণিত ২০ টি হজ্জ এজেন্সীর কার্যক্রম Inactivated করা হয়েছে। তন্মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সূত্রে বর্ণিত নিম্নোক্ত ৮ টি এজেন্সীও রয়েছে।

SL No	Name of the Agency and Address	HL. No.
1	Shanjari Travels & Tours, Shama Office Complex, 66/A, Nayapaltan (3 <sup>rd</sup> Floor), Dhaka-1000	160
2	Cosmic Air International, Dar-Us-Salam Arcade, 14, Purana Paltan, (4 <sup>th</sup> Floor), Dhaka-1000	540
3	A.R. Travels, 153 Rony House (2 <sup>nd</sup> Floor), Motijheel C/A, Dhaka	571
4	Uttoran Travels & Tours. Stadium Super Market (1 <sup>st</sup> Floor), Airport Road, Rajshahi-6203.	1281
5	Air World International.168, Shaheed Syed Nazrul Islam Sarani, (Old), 3/1-J Purana Paltan (4 <sup>th</sup> Flr.), Dhaka-1000	1338
6	Al-Amin International Travel Agent.122, D.I.T. Ext Road, Fakirapool, Dhaka-1000	1340
7	Kopotakkha Travels & Tours, 147, Dit Ext. Road, Rabeya mansion (4 <sup>th</sup> Floor), Fakirapool, Motijheel, Dhaka.	1434
8	Sunflower Travels, 12, A.B.Guho Road, Gangnapar, Mymensingh.	1483

সূত্রে বর্ণিত পত্র প্রাপ্তির সাথে সাথে দক্ষিণ এশীয় হাজী সেবা সংস্থা-মোয়াচ্ছাহার সাথে কথা বলা হয়েছে। তাঁরা জানতে চেয়েছেন যে, সংশ্লিষ্ট এজেন্সীসমূহ নির্ধারিত ই-মেইলে তাদের ব্যাখ্যা প্রেরণ করেছে কিনা?

উল্লেখ্য, সৌদি হজ্জ ও ওমরা মন্ত্রণালয় এজেন্সীসমূহের বিরুদ্ধে অভিযোগ সরাসরি এজেন্সীসমূহের নিকট প্রেরণ করে এবং সরাসরি ব্যাখ্যা গ্রহণপূর্বক সিদ্ধান্ত দিয়ে থাকে।

এমতাবস্থায়, বর্ণিত ৮ টি এজেন্সীকে সরাসরি সৌদি হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ে তাদের ব্যাখ্যা দাখিলসহ অবিলম্বে সৌদি আরব আগমনপূর্বক সৌদি হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ে তাদের এজেন্সীর অধীনে নিবন্ধনকৃত হাজীদের ২০১৯ সালে হজ্জ করার স্বার্থে আনীত অভিযোগ দ্রুত নিষ্পত্তিকরণের জরুরী নির্দেশনা দেয়া প্রয়োজন। অন্যথায়, বর্ণিত ৮ টি এজেন্সীর অধীনে নিবন্ধনকৃত হজ্জযাত্রীদের বিষয়টি মারাত্মক সংকটে পড়তে পারে।


এই তালিকার বাইরে বিলাস ট্রাভেলস এন্ড টুরস্ (হজ্জ লাই: নং- ০২৮৬) এর অধীনে হজ্জযাত্রী নিবন্ধন করা হয়েছে দেখা যায়, যা সৌদি ই-হজ্জ সিস্টেমে Inactivated।

সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ যুগ্মসচিব (হজ্জ)

  
(মুহাম্মাদ মাকসুদুর রহমান)  
কাউন্সেলর (হজ্জ)

অনুলিপি :

১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।

২। কনসাল জেনারেল, বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।

৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। পরিচালক হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।